

ইসলামী বিশ্ববিদ্যালয়
ইউনিট ইন্সটিটিউট

তারিখ ১১/১১/১১
পৃষ্ঠা ১/১

NOV. 26 2011

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা হবে ইউনিট পদ্ধতিতে

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।
গতকাল সোমবার ভিসি প্রফেসর মুস্তাফিজুর
রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি কমিটির
সভার সিদ্ধান্ত মোতাবেক ইসলামী
বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষে ভর্তির
পদ্ধতি বিভাগ ভিত্তিক থেকে ইউনিট
(একাধিক বিভাগ নিয়ে গঠিত ইউনিট)
পদ্ধতিতে পরিবর্তন করা হয়েছে। লিখিত ভর্তি
পরীক্ষা পরিবর্তন করে এমসিকিউ পদ্ধতি করা
হয়েছে। ভর্তি ফরমের মূল্য ১শ টাকা থেকে
৩শ টাকা করা হয়েছে। আগামী ২১শে
ডিসেম্বর থেকে ২২শে জানুয়ারী পর্যন্ত ফরম
বিতরণ এবং ২৩শে জানুয়ারী ফরম জমা
নেয়ার শেষ তারিখ নির্ধারিত হয়েছে। ২৭শে
জানুয়ারী 'ক' ও 'খ' ইউনিট এবং ২৮শে
জানুয়ারী 'গ' ও 'ঘ' ইউনিটের লিখিত পরীক্ষা
অনুষ্ঠিত হবে। ৭ই ফেব্রুয়ারী ভর্তি পরীক্ষার
ফলাফল প্রকাশিত হবে। ২২শে ফেব্রুয়ারী
থেকে ৩রা মার্চ মেধা তালিকার এবং ৬ই মার্চ
থেকে ১০ই মার্চ অপেক্ষমাণ তালিকার ভর্তি
সম্পন্ন হবে। ১২ই মার্চ প্রথম বর্ষের ক্লাস শুরু
হবে।